# ‘দৈনিক অন্যায়ের চিত্র’ সাইনবোর্ডের আড়ালে অবৈধ কনডমের কারখানা




ছবি: সংগৃহীত

সাভারের আশুলিয়ার বাইপাইল এলাকায় সামাজিক সংগঠন ও একটি ভুয়া পত্রিকার পরিচয় ব্যবহার করে নকল কনডম ও অনুমোদনহীন জন্মনিয়ন্ত্রণ সামগ্রী প্যাকেটজাত করার অভিযোগে একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন। অভিযানে প্রায় দুই কোটি টাকা মূল্যের মালামাল জব্দ করা হয়েছে।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) সন্ধ্যায় উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট সাইফুল ইসলামের নেতৃত্বে বাইপাইল এলাকায় অভিযানটি পরিচালিত হয়।

প্রশাসন সূত্রে জানা গেছে, প্রতিষ্ঠানটিতে এর আগেও অভিযান চালানো হয়েছিল। সে সময় চার লাখ টাকা জরিমানা করা হয় এবং ভবনটি সিলগালা করে দেওয়া হয়েছিল। পরে বৈধভাবে ব্যবসা পরিচালনার শর্তে সিল খুলে দেওয়া হয়। তবে অভিযোগ রয়েছে, শর্ত না মেনে প্রতিষ্ঠানটির মালিকপক্ষ আবারও গোপনে অবৈধ কার্যক্রম শুরু করে।

অভিযানে অনুমোদনহীন জন্মনিয়ন্ত্রণ সামগ্রী মজুত ও প্যাকেটজাত করার পাশাপাশি যৌন উত্তেজক ওষুধের কার্যক্রমেরও তথ্য পাওয়া যায় বলে জানিয়েছে প্রশাসন।

অভিযানের নেতৃত্ব দেওয়া ম্যাজিস্ট্রেট সাইফুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে প্রতিষ্ঠানটিতে অভিযান চালানো হয়। সেখানে বৈধ অনুমোদন ছাড়াই জন্মনিয়ন্ত্রণ সামগ্রী প্যাকেটজাত ও সংরক্ষণ করা হচ্ছিল।

LENS ASIA

তিনি বলেন, এসব পণ্যের বেশির ভাগই পাশের দেশ থেকে অবৈধ পথে আনা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এতে সরকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। একই সঙ্গে পণ্যগুলোর মান নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকায় ব্যবহারকারীদের স্বাস্থ্যঝুঁকিও তৈরি হতে পারে।

সাইফুল ইসলাম আরও জানান, অভিযান শেষে প্রায় দুই কোটি টাকা মূল্যের বিভিন্ন সামগ্রী জব্দ করা হয়েছে। তবে প্রতিষ্ঠানের মালিক ও মামলার প্রধান অভিযুক্ত শাহাদত হোসেন শান্তকে এ সময় আটক করা যায়নি। ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।